

64

উপজেলা পরিষদ  
আমতলী, বরগুনা

সভার নাম : মাসিক সভা।  
সভার তারিখ : ২৪-০৮-২০১৬ খ্রি:  
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।  
সভাপতি : জনাব জি.এম দেলওয়ার হোসেন  
উপজেলা পরিষদ চেয়ারম্যান  
আমতলী, বরগুনা।  
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : স্বাক্ষর রেজিস্টারে সংরক্ষিত।

(উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো)

সভাপতি সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	সভাপতির অনুরোধে উপজেলা নির্বাহী অফিসার বিগত ৩১-০৭-২০১৬ খ্রি: তারিখের বিশেষ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান।	ফোনরূপ সংশোধনী না থাকায় উহা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	---
২.	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আমতলী বলেন, আমতলী উপজেলার সকল মসজিদগুলোতে প্রতি জুমায় সন্মাস ও জঙ্গীবাদ বিরোধী খুৎবা প্রদান বিষয়ে মনিটরিং করার জন্য গঠিত কমিটির প্রধানদের পক্ষে জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আমতলী সভায় জানান যে, অত্র উপজেলার মসজিদগুলোতে প্রতি জুমায় সন্মাস ও জঙ্গীবাদ বিরোধী খুৎবা প্রদান করা হচ্ছে। এ বিষয়ক প্রতিবেদন নিয়মিত উপজেলা নির্বাহী অফিসার, আমতলী এর কার্যালয়ে প্রদান করা হচ্ছে। সকলের সজাগ দৃষ্টির কারণে আমতলী উপজেলার সন্মাস/জঙ্গীবাদের কোন ঘটনা ঘটেনি।	প্রতি জুমায় সন্মাস ও জঙ্গীবাদ বিরোধী খুৎবা প্রদানের বিষয়ে মনিটরিং অব্যহত রাখতে এবং এতদু বিষয়ক নিয়মিত প্রতিবেদন দেয়ার জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের প্রতি অনুরোধ জানানো হয়।	উপজেলা নির্বাহী অফিসার আমতলী, বরগুনা।
৩.	চেয়ারম্যান, আড়পাঙ্গাশিয়া ইউপি সভায় জানান, তার ইউনিয়নে আইন-শৃংখলা অবস্থা ভাল। সন্মাস/জঙ্গীবাদের কোন ঘটনা ঘটে নাই। ইউনিয়নের মসজিদ গুলোতে প্রতি শুক্রবার সন্মাস/জঙ্গীবাদ বিরোধী খুৎবা প্রদান করা হচ্ছে। এ ছাড়া তিনি আরও জানান যে, তার ইউনিয়নের দফাদার জনাব শাহনুর আলম গত ২৩.০৩.২০১৬ খ্রি: হতে অন্য পর্যন্ত ইউপি কার্যালয়ে উপস্থিত হন নাই। ইউপি'র কোন কাজ করেন নাই। এমন কি বাজেট সভা, আইন-শৃংখলা সভা, জেলা প্রশাসক মহোদয়ের পরিদর্শন ও সন্মাস/জঙ্গীবাদ বিরোধী সভা এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাৎ বার্ষিকীর আলোচনা সভায় উপস্থিত হয়নি এবং ইউনিয়নের সার্বিক আইন-শৃংখলা রক্ষার্থে মহল্লাদারদের সহযোগীতাও করছেন না।	আড়পাঙ্গাশিয়া ইউপি দফাদার জনাব শাহনুর আলমের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার আমতলী, বরগুনা।
৪.	উপজেলা প্রকৌশলী (এলজিইডি), আমতলী সভায় জানান, রাজস্ব তহবিল হইতে উন্নয়ন খাতে স্থানান্তরিত টাকা দ্বারা বাস্তবায়নের লক্ষ্যে ০৭ টি ইউনিয়নের মধ্যে ৩টি ইউনিয়ন থেকে স্কীম পাওয়া গিয়াছে। তিনি আরও জানান অত্র উপজেলার গুলিশাখালী বাজার ইউপি-মহিষকাটা আর এন্ড এইচ হাজার টাকার বাঁধ বাজার সড়কে ২৯২৪.০০ মে. চেইং ৫১.০০ মি: এবং ৪৪৮০.০০ মি: চেইং ১৭.৮০ মি দীর্ঘ পুরাতন জরাজীর্ণ লোহার পুল এর স্থানে আরসিসি ব্রীজ হওয়ায় উক্ত লোহার ব্রীজের মালামাল নির্বাহী প্রকৌশলী এলজিইডি, বরগুনা মহোদয়ের নির্দেশ ক্রমে মূল্য নির্ধারণ পূর্বক প্রকাশ্য নিলামে বিক্রয় পূর্বক নিলামের টাকা সরকারি কোষাগারে জমা করার নির্দেশ দেওয়ায় উক্ত পুরাতন জরাজীর্ণ ব্রীজ দু'টির মালামাল নিলামে বিক্রয়ের জন্য প্রস্তাব সম্মুখে উপস্থাপন করেন। তিনি আরও জানান যে সকল ইউনিয়ন থেকে এখনও স্কীম পাওয়া যায় নাই দ্রুত স্কীম দাখিলের জন্য সভায় প্রস্তাব করেন।	গুলিশাখালী বাজার ইউপি-মহিষকাটা আর এন্ড এইচ হাজার টাকার বাঁধ বাজার সড়কে ২৯২৪.০০ মে. চেইং ৫১.০০ মি: এবং ৪৪৮০.০০ মি: চেইং ১৭.৮০ মি দীর্ঘ পুরাতন জরাজীর্ণ লোহার পুল এর স্থানে আরসিসি ব্রীজ হওয়ায় উক্ত লোহার ব্রীজের মালামাল নির্বাহী প্রকৌশলী এলজিইডি, বরগুনা মহোদয়ের নির্দেশ ক্রমে মূল্য নির্ধারণ পূর্বক প্রকাশ্য নিলামে বিক্রয় পূর্বক নিলামের টাকা সরকারি কোষাগারে জমা করা ও যে সকল ইউনিয়ন থেকে এখনও স্কীম পাওয়া যায় নাই দ্রুত স্কীম দাখিলের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী (এলজিইডি), আমতলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ
৫.	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আমতলী সভায় জানান যে, আমতলী উপজেলা পরিষদের চত্বরের সমাজ সেবা অফিসের পশ্চিম পার্শ্বে পতিত লেকটিতে মৎস্য চাষ করার অনুমতির জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের এবং উপজেলা পরিষদ কার্যালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগণ আমার বরাবরে আবেদন করেছে। এরই প্রেক্ষিতে তিনি উক্ত পতিত লেকটিতে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের সম্মিলিতভাবে মৎস্য চাষ করার অনুমতি প্রদানের জন্য প্রস্তাব করেন।	আমতলী উপজেলা পরিষদের চত্বরের সমাজ সেবা অফিসের পশ্চিম পার্শ্বে পতিত লেকটিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের এবং উপজেলা পরিষদ কার্যালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের মৎস্য চাষ করার অনুমতি প্রদানে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আমতলী।
৬.	চেয়ারম্যান, কুকুয়া ইউপি সভায় জানান, তার ইউনিয়নের কৃষকগণর আবাসন এর দক্ষিণ পার্শ্বে অনেক অংশ নদীগর্ভে বিলিন প্রায়। তাই জরুরী বিধিতে ভাঙ্গন রোধ, ভেরী বাঁধ নির্মাণ ও একটি কালভার্ট দ্বারা পানি নিষ্কাশনের ব্যবস্থা একান্ত জরুরী।	কুকুয়া ইউনিয়নের কৃষকগণর আবাসন এর দক্ষিণ পার্শ্বে নদী ভাঙ্গন রোধ, ভেরী বাঁধ নির্মাণ ও একটি কালভার্ট দ্বারা পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জি.এম দেলওয়ার হোসেন)  
চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
আমতলী, বরগুনা।